মহাপরিচালকের কার্যালয়
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (৫ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০
**www.ecrad.org.bd**

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরি নং: ৪১৪৬ তারিখ: 15 JUL 2026
তারিখ: ১২/০৭/২০২৬ খ্রি.

স্মারক নং- ৮২.১৬.০০০০.০০০.১০৭.০১.০২৭৭.২৬.৬৬৪

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
[দৃষ্টি আকর্ষণ: উপসচিব (বিধিবদ্ধ নিরীক্ষা)

বিষয়: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন, কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন শীর্ষক প্রকল্পের ২০২৩-২০২৪ হতে ২০২৪-২০২৫ অর্থবছরের নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন (AIR) প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন, কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন শীর্ষক প্রকল্পের ২০২৩-২০২৪ হতে ২০২৪-২০২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষা কার্যক্রম গত ২৯/০৩/২০২৬ খ্রি. হতে ১১/০৬/২০২৬ খ্রি. পর্যন্ত সময়ে সম্পন্ন করে একটি নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন (AIR) প্রণয়ন করা হয়। উক্ত প্রতিবেদনে মোট ০৫ টি অনুচ্ছেদ রয়েছে। তন্মধ্যে ০৩টি অনুচ্ছেদকে (অনুচ্ছেদ নং- ০১ হতে ০৩) গুরুতর আর্থিক অনিয়ম (SFI) এবং অবশিষ্ট ০২ টি অনুচ্ছেদকে (অনুচ্ছেদ নং-০৪ ও ০৫) সাধারণ অনুচ্ছেদ (Non SFI) হিসেবে চিহ্নিত করা হয়েছে।

এমতাবস্থায়, উপরিউক্ত অনুচ্ছেদসমূহের ব্রডশিট জবাব আগামী ৩ (তিন) সপ্তাহের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

১২/০৭/২০২৬
(এমদাদুল ইসলাম)
উপপরিচালক, সেক্টর-০৫
ফোন:০২-২২৬৬৬৩০৬৫

সংযুক্তি:
১. নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন (AIR) এক (০১) সেট।

স্মারক নং- ৮২.১৬.০০০০.০০০.১০৭.০১.০২৭৭.২৬.৬৬৪

তারিখ: ১২/০৭/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন শীর্ষক প্রকল্প, আগারগাঁও, ঢাকা।
৪। অফিস কপি
৫। গার্ড

এসএফআইভুক্ত অনুচ্ছেদসমূহের ব্রডশিট জবাব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে এবং নন-এসএফআইভুক্ত অনুচ্ছেদসমূহের ব্রডশিট জবাব সরাসরি ০৩ (তিন) সপ্তাহের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের অনুরোধসহ।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (অডিট ও আইন)
এর দপ্তর
অতিরিক্ত সচিব

(এমদাদুল ইসলাম)
উপপরিচালক, সেক্টর-০৫
ফোন:০২-২২৬৬৬৩০৬৫

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন, কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন শীর্ষক প্রকল্পের ২০২৩-২০২৪ হতে ২০২৪-২০২৫ অর্থবছরের হিসাব সংক্রান্ত কমপ্লায়েন্স অডিট ইন্সপেকশন রিপোর্ট

নিরীক্ষা বছর: ২০২৫-২০২৬

**শিক্ষা অডিট অধিদপ্তর**

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | অংশ-১ | |
| ১ | এনটিটির নাম | ০৪ |
| ২ | নিরীক্ষার সময় | ০৪ |
| ৩ | অর্থবছর | ০৪ |
| ৪ | এনটিটির সংক্ষিপ্ত বর্ণনা | ০৪ |
| ৫ | নিরীক্ষার আওতা | ০৪ |
| ৬ | নির্ণায়ক | ০৫ |
| ৭ | স্ট্যান্ডার্ড | ০৫ |
| ৮ | নিরীক্ষা দলের পরিচিতি | ০৫ |
| ৯ | নিরীক্ষা দল কর্তৃক পরিদর্শনকৃত প্রতিষ্ঠান/ইউনিটের অবস্থান | ০৫ |
| ১০ | এনটিটি সম্পর্কে ধারণা লাভ করতে নিরীক্ষা দল কর্তৃক মাঠ পর্যায়ের ভ্রমণ | ০৫ |
| ১১ | নিরীক্ষা দল কর্তৃক চাহিদাকৃত রেকর্ড, ডকুমেন্টস, তথ্যাদি | ০৫-০৬ |
| ১২ | এনটিটি কর্তৃক সরবরাহকৃত তথ্যাদি | ০৬ |
| ১৩ | এনটিটি কর্তৃক সরবরাহ করা হয়নি এমন রেকর্ড/তথ্যাদি | ০৬ |
| ১৪ | এনটিটির কর্মকর্তাদের সাথে সভার সংখ্যা ও তারিখ | ০৬ |
| ১৫ | নিরীক্ষা চলাকালে নিরীক্ষা নিযুক্তি দল কর্তৃক এনটিটি বরাবর জারিকৃত অডিট কোয়েরীর মোট সংখ্যা | ০৬ |
| ১৬ | জবাব দেওয়া হয়েছে এমন অডিট কোয়েরীর সংখ্যা | ০৬ |
| ১৭ | নিরীক্ষা চলাকালে নিরীক্ষা দল কর্তৃক এনটিটির বরাবর জারিকৃত নিরীক্ষা অবজারভেশন এর মোট সংখ্যা | ০৭ |
| ১৮ | জবাব দেয়া হয়েছে এমন অডিট মেমোর সংখ্যা | ০৭ |
| ১৯ | নিরীক্ষা দল কর্তৃক জমা দেওয়া খসড়া পরিদর্শন প্রতিবেদনে অন্তর্ভুক্ত হয়নি এমন নিরীক্ষা অবজারবেশনের সংখ্যা | ০৭ |
| ২০ | কোন ফাইন্ডিং বা অবজারবেশন যা নিরীক্ষা চলাকালে উত্থাপিত হয়নি কিন্তু নতুন ঘটনার প্রেক্ষিতে নিরীক্ষা দল/সিএজি কার্যালয় এর নজরে আসার কারণে এই প্রতিবেদনে অন্তর্ভুক্ত হয়েছে (হ্যাঁ/না অনুচ্ছেদ নম্বরসহ) | ০৭ |
| | অংশ-২ | |
| ২১ | অনুচ্ছেদসমূহ | ০৮-১৪ |
| | পরিশিষ্টসমূহ | |
| ২২ | পরিশিষ্ট | ১৫-২১ |

# অংশ-১

**(১) এনটিটির নাম: উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন শীর্ষক প্রকল্প**

**(২) নিরীক্ষার সময় (দিন/মাস/বছর) হতে (দিন/মাস/বছর):** ২৯/০৩/২০২৬ খ্রি. হতে ১২/০৬/২০২৬ খ্রি.

**(৩) অর্থবছর:** ২০২৪-২০২৫

**(৪) এনটিটির সংক্ষিপ্ত বর্ণনা:**

উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন শীর্ষক প্রকল্প: কারিগরি শিক্ষা সম্প্রসারণ ও দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে দেশের ৩২৯টি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ (TSC) স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। এই প্রকল্পের অধীনে প্রতিটি উপজেলায় আধুনিক অবকাঠামো, শ্রেণিকক্ষ, ল্যাব ও ওয়ার্কশপ নির্মাণের কাজ চলমান রয়েছে। তৃণমূল পর্যায়ে কারিগরি শিক্ষার প্রসার ঘটিয়ে বেকারত্ব হ্রাস ও দক্ষ জনবল তৈরি করা।স্থানীয় আর্থ-সামাজিক অবস্থা, কৃষি, মৎস্য ও প্রাকৃতিক সম্পদের উপযোগিতা বিবেচনা করে প্রতিটি প্রতিষ্ঠানে চাহিদাভিত্তিক ট্রেড চালু করা হচ্ছে। কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে প্রকল্পের কাজ ধাপে ধাপে পরিচালিত হচ্ছে। ভূমি অধিগ্রহণ, করোনা মহামারি ও তহবিল বরাদ্দের জটিলতায় প্রকল্পের কাজ কিছুটা ধীরগতির সম্মুখীন হয়। তবে প্রকল্প বাস্তবায়নে মেয়াদ বৃদ্ধির পাশাপাশি মূল লক্ষ্য অক্ষুন্ন রেখে কার্যক্রম এগিয়ে নেওয়া হচ্ছে। ইতোমধ্যে দেশের বেশ কিছু উপজেলায় ভবন নির্মাণ সম্পন্ন হয়ে একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম চালু হয়েছে।

**(৫) নিরীক্ষার আওতা:**

উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন শীর্ষক প্রকল্প এর ২০২৪-২০২৫ অর্থবছরের আয় ও ব্যয় নিরীক্ষার আওতায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

**(৬) নির্ণায়ক হিসেবে ব্যবহৃত অথরিটি:**

১. সরকারি আদেশ নির্দেশ
২. বাজেট বরাদ্দ প্রাপ্তি ও বন্টন ব্যবস্থাপনা, ট্রেজারী রুলস
৩. জেনারেল ফিনান্সিয়াল রুলস
৪. পিপিএ-২০০৬/পিপিআর-২০০৮
৫. ডেলিগেশন অব ফিনান্সিয়াল পাওয়ার ২০১৫
৬. টিও এন্ড ই
৭. ভ্যাট ও আয়কর সংক্রান্ত NBR এর আদেশ

**(৭) অনুসরণকৃত স্ট্যান্ডার্ড:**

Complince Audit Guideline
Government Auditing Standards of Bangladesh
Code Of Ethics
Quality Control System

**(৮) নিরীক্ষা দলের পরিচিতি:**

| ক্রমিক নং | নাম | পদবি | নিরীক্ষা দলের অবস্থান |
|---|---|---|---|
| ১ | জনাব মোহাম্মদ মিজানুর রহমান মুন্সী | এএন্ডএও | দলনেতা |
| ২ | জনাব হেলাল হোসাইন পাটোয়ারী | এসএএস সুপার | সদস্য |
| ৩ | জনাব এম. আপেল মাহমুদ | অডিটর | সদস্য |
| ৪ | জনাব এ.বি.এম গোলাম সাকলায়েন | এএন্ডএও | দলনেতা |
| ৫ | জনাব মাহমুদ মোস্তফা | এসএএস সুপার | সদস্য |
| ৬ | জনাব মোহাম্মদ নুরুল আলম ভুঁইয়া | এসএএস সুপার | সদস্য |
| ৭ | জনাব ফয়সাল আহমেদ | এএন্ডএও | দলনেতা |
| ৮ | জনাব মোঃ মিজানুর রহমান | এসএএস সুপার | সদস্য |
| ৯ | জনাব মোঃ আবদুল কুদ্দুস | অডিটর | সদস্য |

**(৯) নিরীক্ষা দল কর্তৃক পরিদর্শনকৃত প্রতিষ্ঠান/ইউনিটের অবস্থান:** উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন শীর্ষক প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,বরিশাল ও কুমিল্লা।

**(১০) এনটিটি সম্পর্কে ধারণা লাভ করতে নিরীক্ষা দল কর্তৃক মাঠ পর্যায়ের ভ্রমণ:** ২৯/০৩/২০২৬ খ্রি. হতে ১২/০৬/২০২৬ খ্রি.।

**(১১) নিরীক্ষা দল কর্তৃক চাহিদাকৃত রেকর্ড, ডকুমেন্টস এবং তথ্যের তালিকা:**

১ সংশোধিত বাজেট বাদ্দের কপি এবং খরচের হিসাব বিবরণী।
২ প্রকল্পের অর্থছাড়ের কপি।
৩ অনুমোদিত APP এর কপি।
৪ ডিপিপি / আরডিপির কপি
৫ সকল ব্যাংক স্টেটমেন্ট (পূর্ববর্তী নিরীক্ষার পর হতে ৩০/০৬/২০২৫ পর্যন্ত)
৬ RFQ, OTM, LTM, DPM এর সকল প্যাকেজ লিস্ট ও টেন্ডার সংক্রান্ত যাবতীয় নথি
৭ অফিসিয়াল কস্ট এস্টিমেট।
৮ TOC, TEC এবং সাব কমিটির প্রতিবেদন
৯ টি ডি এস
১০ বিওকিউ, টেকনিক্যাল রিপোর্ট
১১ ভেরিয়েশন এর সকল নথি
১২ মেজারমেন্ট বহি (এমবি)
১৩ সময় বৃদ্ধির সকল নথি
১৪ কাজের অগ্রগতির হাল নাগাদ প্রতিবেদন
১৫ কার্য সমাপ্তির সনদপত্র
১৬ নিরাপত্তা জামানত আদায় ও ফেরত রেজিস্টার ও নথি
১৭ টেস্ট রিপোর্ট
১৮ বীমা করার নথিপত্র
১৯ পিজি এর মেয়াদ বৃদ্ধির কপি
২০ দরপত্র বাতিলের নথি
২১ জিসিসি ও পিসিসি
২২ জরিমানা আদায় সংক্রান্ত নথি
২৩ ভ্যাট ও আয়কর কর্তন রেজিস্টার/লেজার ও চালানের কপি
২৪ স্টোর পরিদর্শন প্রতিবেদন ও ইনভেন্টরি রেজিস্টার/লেজার
২৫ সকল টেন্ডার আইডিসহ কাজের তালিকা
২৬ বি:দ্র: প্রত্যেক টেন্ডার আইডি এর স্বপক্ষে e-GP হতে ডাউনলোডকৃত ডকুমেন্ট সংশ্লিষ্ট নথিতে প্রদান করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া অডিট সংক্রান্ত যেকোন তথ্য, নথিপত্র, প্রয়োজনীয় রেকর্ডপত্র অডিট টীম কর্তৃক চাহিবা মাত্র নিরীক্ষায় পেশ করার জন্য বিনীত অনুরোধ করা হলো

**(১২) এনটিটি কর্তৃক সরবরাহকৃত রেকর্ড, ডকুমেন্ট এবং তথ্যের তালিকা:**

১ সংশোধিত বাজেট বাদ্দের কপি এবং খরচের হিসাব বিবরণী।
২ প্রকল্পের অর্থছাড়ের কপি।
৩ অনুমোদিত APP এর কপি।
৪ ডিপিপি / আরডিপির কপি
৫ সকল ব্যাংক স্টেটমেন্ট (পূর্ববর্তী নিরীক্ষার পর হতে ৩০/০৬/২০২৫ পর্যন্ত)
৬ RFQ, OTM, LTM, DPM এর সকল প্যাকেজ লিস্ট ও টেন্ডার সংক্রান্ত যাবতীয় নথি
৭ অফিসিয়াল কস্ট এস্টিমেট।

৮ TOC, TEC এবং সাব কমিটির প্রতিবেদন
৯ টি ডি এস
১০ বিওকিউ, টেকনিক্যাল রিপোর্ট
১১ ভেরিয়েশন এর সকল নথি
১২ মেজারমেন্ট বহি (এমবি)
১৩ সময় বৃদ্ধির সকল নথি
১৪ কাজের অগ্রগতির হাল নাগাদ প্রতিবেদন
১৫ কার্যসমাপ্তির সনদপত্র
১৬ নিরাপত্তা জামানত আদায় ও ফেরত রেজিস্টার ও নথি
১৭ টেস্ট রিপোর্ট
১৮ বীমা করার নথিপত্র
১৯ পিজি এর মেয়াদ বৃদ্ধির কপি
২০ দরপত্র বাতিলের নথি
২১ জিসিসি ও পিসিসি
২২ জরিমানা আদায় সংক্রান্ত নথি
২৩ ভ্যাট ও আয়কর কর্তন রেজিস্টার/লেজার ও চালানের কপি
২৪ স্টোর পরিদর্শন প্রতিবেদন ও ইনভেন্টরি রেজিস্টার/লেজার
২৫ সকল টেন্ডার আইডিসহ কাজের তালিকা
২৬ বিঃদ্রঃ প্রত্যেক টেন্ডার আইডি এর স্বপক্ষে e-GP হতে ডাউনলোডকৃত ডকুমেন্ট সংশ্লিষ্ট নথিতে প্রদান করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া অডিট সংক্রান্ত যেকোন তথ্য, নথিপত্র, প্রয়োজনীয় রেকর্ডপত্র অডিট টীম কর্তৃক চাহিবা মাত্র নিরীক্ষায় পেশ করার জন্য বিনীত অনুরোধ করা হলো

(১৩) এনটিটি কর্তৃক সরবরাহ করা হয়নি এমন রেকর্ড, ডকুমেন্ট এবং তথ্যের তালিকা: প্রযোজ্য নয়।

(১৪) এনটিটির কর্মকর্তাদের সাথে সভার সংখ্যা ও তারিখঃ ০১ টি, ১৫/০৬/২০২৬ খ্রি.

(১৫) নিরীক্ষা চলাকালে নিরীক্ষানিযুক্তি দল কর্তৃক এনটিটি বরাবর জারিকৃত অডিট কোয়েরীর মোট সংখ্যাঃ ০৩ টি

(১৬) জবাব দেওয়া হয়েছে এমন অডিট কোয়েরীর সংখ্যাঃ ০৩টি

(১৭) নিরীক্ষা চলাকালে নিরীক্ষা দল কর্তৃক এনটিটির বরাবর জারিকৃত নিরীক্ষা অবজারভেশন এর মোট সংখ্যাঃ ০৫টি

(১৮) জবাব দেয়া হয়েছে এমন অডিট মেমোর সংখ্যাঃ ০৫টি

(১৯) নিরীক্ষা দল কর্তৃক জমা দেওয়া খসড়া পরিদর্শন প্রতিবেদনে অন্তর্ভুক্ত হয়নি এমন নিরীক্ষা অবজারবেশনের সংখ্যাঃ নাই

(২০) কোন ফাইন্ডিং বা অবজারবেশন যা নিরীক্ষা চলাকালে উত্থাপিত হয়নি কিন্তু নতুন ঘটনার প্রেক্ষিতে নিরীক্ষা দল/সিএজি কার্যালয়ের নজরে আসার কারণে এই প্রতিবেদনে অন্তর্ভুক্ত হয়েছে (হ্যাঁ/না অনুচ্ছেদ নম্বর সহ): না

# অংশ-২

(অনুচ্ছেদসমূহের তালিকা)

# অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| ক্রমিক | শিরোনাম | জড়িত অর্থ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| **প্রকল্প পরিচালকের কার্যালয়, উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প** | | | |
| | NIL | | |
| **শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্পের আপত্তিসমূহ** | | | |
| ১. | চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত না করা সত্ত্বেও বিলম্ব জরিমানা আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি | ৮৮০৬০১০ | SFI |
| ২. | চুক্তিপত্রের শর্তানুযায়ী বীমা প্রিমিয়ামের উপর ভ্যাট কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি | ২৫৯৩৭৩ | SFI |
| ৩. | নির্ধারিত সময়ের মধ্যে ভেরিয়েশন অনুমোদন না করে দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পর প্রধান প্রকৌশলী কর্তৃক অনিয়মিতভাবে ব্যয় | ৪৬৭২০৭৮ | SFI |
| ৪. | Pre-cast Pile এর পরিমাণ অতিরিক্ত প্রদর্শন করে ঠিকাদারকে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি | ৪৮০০০ | Non SFI |
| ৫. | এমবি বহিতে কাজের পরিমাপ উল্লেখ না করেই সাইট অফিস স্থাপন দেখিয়ে ঠিকাদারকে অনিয়মিতভাবে পরিশোধ | ৫০০০০০ | Non SFI |
| | **মোট** | **১,৪২,৮৫,৪৬১** | |

**[কথায়: এক কোটি বিয়াল্লিশ লক্ষ পঁচাশি হাজার চারশত একষট্টি ।]**

**অনুচ্ছেদ নম্বরঃ ০১**

**শিরোনামঃ চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত না করা সত্ত্বেও বিলম্ব জরিমানা আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি ৮৮,০৬,০১০ (আটাশি লক্ষ ছয় হাজার দশ) টাকা।**

**বিবরণঃ** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা কার্যালয়ের উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প এর ২০২৩-২০২৪ হতে ২০২৪-২০২৫ অর্থবছরে চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত না করা সত্ত্বেও বিলম্ব জরিমানা আদায় না করায় সরকারের ৮৮,০৬,০১০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষাকালে উক্ত কার্যালয়ের উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্পের টেন্ডার সংক্রান্ত নথি ও বিল/ভাউচার যাচাইয়ে দেখা যায় যে, পরিশিষ্টে বর্ণিত কাজসমূহের জন্য ঠিকাদারগণের সাথে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়সমূহের চুক্তি সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী উক্ত কাজগুলো বাস্তবায়নের জন্য ঠিকাদারকে ৫৪০ হতে ৭২০ দিন সময় প্রদান করা হয়। কিন্তু ঠিকাদারগণ উক্ত কাজগুলো সম্পাদনের ক্ষেত্রে নির্ধারিত সময়ের অতিরিক্ত ১২৪ দিন থেকে ২২৯ দিন পর্যন্ত বিলম্ব করেন। উল্লেখ্য যে, নিরীক্ষাকালীন ঠিকাদারগণের সময় বর্ধনের কোন আবেদন এবং সময় বর্ধিত করণের প্রমাণক পাওয়া যায়নি । পিপিআর, ২০০৮ এর বিধি ৩৯(২৭) এবং চুক্তিপত্রের পিসিসি ক্লজ ৭৩.১ মোতাবেক প্রতিদিন বিলম্বের জন্য অসম্পাদিত কার্যমূল্যের ০.০৫% হতে ০.১০% হারে জরিমানা আদায় করতে হবে, তবে তা মোট চুক্তি মূল্যের ১০% এর অধিক হবে না। কিন্তু এক্ষেত্রে উক্ত বিলম্ব জরিমানা কর্তন না করেই ঠিকাদারগণকে বিল পরিশোধ করা হয়েছে। ফলে, সরকারের ৮৮,০৬,০১০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [**বিস্তারিত পরিশিষ্টঃ ০১**]।

**অনিয়মের কারণঃ** পিপিআর, ২০০৮ এর বিধি ৩৯(২৭) এবং পিসিসি ক্লজ ৭৩.১ লঙ্ঘন করে নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত না করা সত্ত্বেও বিলম্ব জরিমানা আদায় করা হয়নি।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ** ফাইলগুলো পর্যালোচনা করে বিলম্ব জরিমানা আদায় করা না হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ** জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, কাজের মেয়াদ শেষ হওয়ার পূর্বে ঠিকাদারগণ কর্তৃক সময় বর্ধনের কোন আবেদন নিরীক্ষাকালে পাওয়া যায়নি। যৌক্তিক কারণ ব্যতিরেকে ঠিকাদারগণ নির্ধারিত সময়ের মধ্যে কার্যসম্পাদন করতে ব্যর্থ হওয়ায় বিলম্ব জরিমানা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক ছিল।

**নিরীক্ষার সুপারিশঃ** আপত্তিকৃত বিলম্ব জরিমানা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

০২/৭/২৫

**এ.বি.এম গোলাম সাকলায়েন**
অডিট এন্ড একাউন্টস অফিসার
**শিক্ষা অডিট অধিদপ্তর**
অডিট কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

অনুচ্ছেদ নম্বরঃ ০২

**শিরোনামঃ চুক্তিপত্রের শর্তানুযায়ী বীমা প্রিমিয়ামের উপর ভ্যাট কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি ২,৫৯,৩৭৩ (দুই লক্ষ উণষাট হাজার তিনশত তিয়াত্তর) টাকা।**

**বিবরণঃ** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা কার্যালয়ের উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প এর ২০২৩-২০২৪ হতে ২০২৪-২০২৫ অর্থবছরে চুক্তিপত্রের শর্তানুযায়ী ঠিকাদার কর্তৃক বিভিন্ন ঝুঁকির উপর বীমা না করায় প্রিমিয়াম বাবদ ১৭,২৯,১৫৯ টাকা এবং বীমা প্রিমিয়ামের উপর ভ্যাট বাবদ সরকারের ২,৫৯,৩৭৩ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষাকালে উক্ত কার্যালয়ের উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্পের উন্নয়ন কাজের দরপত্র, কার্যাদেশ, বিল-ভাউচার, চুক্তিপত্র, General Conditions of Contract (GCC) 37, Particular Conditions of Contract (PCC) এবং সংশ্লিষ্ট অন্যান্য রেকর্ডপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, উন্নয়নমূলক কাজে চুক্তিপত্রের শর্তানুযায়ী ঠিকাদার কর্তৃক বিভিন্ন ঝুঁকির উপর বীমা করা হয়নি। পিপিআর ২০০৮ এর বিধি ৪(৩)(ট) এবং General Conditions of Contract (GCC) ও Particular Conditions of Contract (PCC) ৩৭.১ মোতাবেক পূর্ত কাজের চুক্তি মূল্যের উপর বীমা করার নির্দেশনা থাকলেও আলোচ্যক্ষেত্রে বীমা করা হয়নি। বীমা না করায় একদিকে পূর্ত কাজের নিরাপত্তা ঝুঁকি বিদ্যমান অন্যদিকে প্রিমিয়াম বাবদ ১৭,২৯,১৫৯ টাকা ও ভ্যাট বাবদ ২,৫৯,৩৭৩ টাকা সরকার রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের ২৮-১১-২০০২ খ্রি. তারিখের সাধারণ আদেশ নং-১০/মূসক/২০০২ মোতাবেক বীমা প্রিমিয়ামের উপর ১৫% হারে মূল্য সংযোজন কর (মূসক) প্রদেয় হবে। আলোচ্যক্ষেত্রে পরিশিষ্টে বর্ণিত চুক্তিপত্রের শর্তানুযায়ী ঠিকাদার কর্তৃক বিভিন্ন ঝুঁকির উপর বীমা না করায় প্রিমিয়াম বাবদ ১৭,২৯,১৫৯ টাকা এবং বীমা প্রিমিয়ামের উপর ভ্যাট বাবদ সরকারের ২,৫৯,৩৭৩ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট:০২]**

**অনিয়মের কারণঃ** পিপিআর, ২০০৮ এর বিধি ৪(৩)(ট) এবং চুক্তিপত্রের পিসিসি ক্লজ ৩৭.১ লঙ্ঘন করে পূর্ত কাজের জন্য বীমা করা হয়নি এবং জাতীয় রাজস্ব বোর্ডের ২৮-১১-২০০২ খ্রি. তারিখের সাধারণ আদেশ নং-১০/মূসক/২০০২ লঙ্ঘন করে বীমা প্রিমিয়ামের উপর ভ্যাট কর্তন করা হয়নি।

**নিরীক্ষীত প্রতিষ্ঠানের জবাব:** ঠিকাদার কর্তৃক বিভিন্ন কাজের ঝুঁকির উপর বীমা করে বীমা প্রিমিয়াম বাবদ ভ্যাট সরকারি কোষাগারে জমা প্রদান করে জবাব পাঠানো হবে। অতএব, আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।

**নিরীক্ষা মন্তব্য:** জবাব আপত্তি নিষ্পত্তি সহায়ক নয়। কারণ, চুক্তিপত্রের পিসিসি ক্লজ ৩৭.১ মোতাবেক পূর্ত কাজের জন্য বীমা করার শর্ত থাকলেও তা করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ:** আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

২৭/০৭/২৫

এ.বি.এম গোলাম সাকলায়েন
অডিট এন্ড একাউন্টস অফিসার
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

**অনুচ্ছেদ নম্বর: ০৩**

**শিরোনামঃ নির্ধারিত সময়ের মধ্যে ভেরিয়েশন অনুমোদন না করে দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পর প্রধান প্রকৌশলী কর্তৃক অনিয়মিতভাবে ব্যয় ৪৬,৭২,০৭৮ (ছেচল্লিশ লক্ষ বাহাত্তর হাজার আটাত্তর) টাকা।**

**বিবরণঃ** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা কার্যালয়ের উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প এর ২০২৩-২০২৪ হতে ২০২৪-২০২৫ অর্থবছরে নির্ধারিত সময়ের মধ্যে ভেরিয়েশন অনুমোদন না করে দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পর প্রধান প্রকৌশলী কর্তৃক অনিয়মিতভাবে ৪৬,৭২,০৭৮ টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষাকালে উক্ত কার্যালয়ের উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্পের পরিশিষ্টে উল্লেখিত কাজের সংশ্লিষ্ট নথি, চুক্তিপত্র, পোগ্রেস রিপোর্ট, দরপত্র দলিল, ভেরিয়েশন প্রণয়ন ও অনুমোদন সংক্রান্ত নথি ও অন্যান্য রেকর্ডপত্র পযালোচনায় দেখা যায় যে, সংশ্লিষ্ট কাজের ঠিকাদার কর্তৃক কার্যাদেশ পাওয়ার পর বা কাজ শুরু হওয়ার ০৭ কর্মদিবসের মধ্যে প্রযোজ্য ভেরিয়েশনের জন্য লিখিত নোটিশ প্রদানের বিধিগত নির্দেশ থাকা সত্ত্বেও কাজ শুরু করার দীর্ঘদিন পরেও ভেরিয়েশনের জন্য লিখিত নোটিশ প্রদান করেনি। এবং অনুমোদনকারী কর্তৃপক্ষ প্রধান প্রকৌশলী উক্ত ভেরিয়েশন অর্ডার নির্ধারিত সময়ের মধ্যে অনুমোদনের বাধ্যবাধকতা থাকলেও ৪৯ দিন পর অনুমোদন করেন। পিপিআর, ২০০৮ এর বিধি-৭৯(১) মোতাবেক বাস্তবায়িত বিভিন্ন দরপত্রের কাজের ঠিকাদার কার্যাদেশ পাওয়ার পর ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশের প্রয়োজন সম্পর্কে অবহিত হওয়ার ৭ কর্মদিবসের মধ্যে লিখিত নোটিশ প্রদান করিবে। এছাড়াও পিপিআর ২০০৮ এর তফসিল-২ এর বিধি ৭৯(২)(গ) মোতাবেক ভেরিয়েশন অর্ডার এবং অতিরিক্ত কার্যাদেশ প্রক্রিয়াকরণের সময়সীমা ভেরিয়েশন অর্ডার প্রণয়ন হইতে অনুমোদন পর্যন্ত ৩০ (ত্রিশ) দিনের অধিক হইবে না। এবং ভেরিয়েশন অর্ডার প্রণয়ন হতে অনুমোদন হওয়া পর্যন্ত ৩০ দিনের অধিক সময় হইবে না। কিন্তু এক্ষেত্রে উক্ত বিধির ব্যত্যয় ঘটিয়ে নির্ধারিত সময়ের মধ্যে ভেরিয়েশন অনুমোদন না করে প্রধান প্রকৌশলী ৪৬,৭২,০৭৮ টাকা ব্যয়ের জন্য নির্বাহী প্রকৌশলীদের কাজ করার অনুমোদন প্রদান করেছেন **[বিস্তারিত পরিশিষ্ট: ০৩]**।

**অনিয়মের কারণঃ** পিপিআর, ২০০৮ এর বিধি ৭৯(১) এবং তফসিল-২ এর বিধি ৭৯(২)(গ) এর লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:** নির্ধারিত সময়ের মধ্যে ভেরিয়েশন অনুমোদনের জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের নিকট পাঠানো হলেও জনবল সংকটের কারণে প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক যথাসময়ে ভেরিয়েশন অনুমোদন করা হয়নি।এতে সরকারের কোনো আর্থিক ক্ষতি হয়নি।অতএব, আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।

**নিরীক্ষা মন্তব্য:** জবাব আপত্তি নিষ্পত্তি সহায়ক নয়। কারণ, বিধি মোতাবেক ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশের প্রয়োজন সম্পর্কে অবহিত হওয়ার ৭ দিনের মধ্যে লিখিত নোটিশ প্রদান করতে হবে এবং ভেরিয়েশন অর্ডার প্রণয়ন হতে অনুমোদন পর্যন্ত ৩০ দিনের অধিক সময় গ্রহণের সুযোগ নেই।

**নিরীক্ষার সুপারিশ:** দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।


এ.বি.এম গোলাম সাকলায়েন
অডিট এন্ড একাউন্টস অফিসার
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

অনুচ্ছেদ নম্বরঃ ০৪

**শিরোনামঃ Pre-cast Pile এর পরিমাণ অতিরিক্ত প্রদর্শন করে ঠিকাদারকে বিল পরিশোধ করায় সরকারের ৪৮,০০০ (আটচল্লিশ হাজার) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণঃ** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরিশাল কার্যালয়ের ২০২৪-২০২৫ অর্থবছরে Pre-cast Pile এর পরিমাণ অতিরিক্ত প্রদর্শন করে ঠিকাদারকে বিল পরিশোধ করায় সরকারের ৪৮,০০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় বীর মুক্তিযোদ্ধা শহীদ খান টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, বাকেরগঞ্জ, বরিশাল এর দরপত্র, চুক্তিপত্র, বিল ভাউচার ও তদসংশ্লিষ্ট নথিপত্রাদি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, অনুমোদিত নকশা অনুযায়ী ২৪ মিটার দৈর্ঘ্যের টেস্টসহ মোট (২৩৯+১)=২৪০টি Pre-cast Pile এর পরিমাণ উল্লেখ থাকা সত্বেও এমবি বহিতে মোট ২৪১টি Pre-cast Pile এর পরিমাণ দেখিয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করায় সরকারে ৪৮,০০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। ডিজাইন নং-ZA-TSC-001/2017 PF-08 Date:19/09/2017 তে টেস্টসহ মোট ২৪০টি Pre-cast Pile এর পরিমাণ উল্লেখ রয়েছে। কিন্তু এক্ষত্রে উক্ত ডিজাইন বহির্ভূত Pre-cast Pile এর পরিমাণ অতিরিক্ত প্রদর্শন করে ঠিকাদারকে বিল পরিশোধ করায় সরকারের ৪৮,০০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। **[বিস্তারিত পরিশিষ্ট-০৪]**।

**অনিয়মের কারণঃ** ডিজাইন নং-ZA-TSC-001/2017 PF-08 Date:19/09/2017 তে উল্লেখিত পরিমানের চেয়ে অতিরিক্ত Pre-cast Pile এর পরিমাণ কাজ দেখিয়ে বিল পরিশোধ করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ** নথিপত্র যাচাই বাছাই করে পরবর্তীতে জবাব প্রেরণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ** জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, প্রি ডিজাইন বহির্ভূত Pre-cast Pile এর পরিমাণ অতিরিক্ত প্রদর্শন করে ঠিকাদারকে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

**নিরীক্ষা সুপারিশঃ** আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যক।


২২/৭/২৫

**এ.বি.এম গোলাম সাকলায়েন**
অডিট এন্ড একাউন্টস অফিসার
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

**অনুচ্ছেদ নম্বরঃ ০৫**

**শিরোনামঃ এমবি বহিতে কাজের পরিমাপ উল্লেখ না করেই সাইট অফিস স্থাপন দেখিয়ে ঠিকাদারকে অনিয়মিতভাবে ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা পরিশোধ।**

**বিবরণঃ** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরিশাল কার্যালয়ের ২০২৪-২০২৫ অর্থবছরে এমবি বহিতে কাজের পরিমাপ উল্লেখ না করেই সাইট অফিস স্থাপন দেখিয়ে ঠিকাদারকে অনিয়মিতভাবে ৫,০০,০০০ টাকা পরিশোধ করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় বীর মুক্তিযোদ্ধা শহীদ খান টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, বাকেরগঞ্জ, বরিশাল এর দরপত্র, চুক্তিপত্র, বিল ভাউচার ও তদসংশ্লিষ্ট নথিপত্রাদি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, এমবি বহিতে কাজের পরিমাপ উল্লেখ না করেই সাইট অফিস স্থাপন দেখিয়ে ঠিকাদারকে অনিয়মিতভাবে ৫,০০,০০০ টাকা পরিশোধ করা হয়েছে। জিএফআর-১০ অনুযায়ী সরকারি অর্থ মিতব্যয়িতার সাথে ব্যয় করা বিভাগীয় প্রধানের দায়িত্ব। কিন্তু এক্ষত্রে উক্ত অনুশাসন না মেনে এমবি বহিতে কাজের পরিমাপ উল্লেখ না করেই সাইট অফিস স্থাপন দেখিয়ে ঠিকাদারকে অনিয়মিতভাবে ৫,০০,০০০ টাকা পরিশোধ করা হয়েছে। **[বিস্তারিত পরিশিষ্টঃ ০৫]**।

**অনিয়মের কারণঃ** জিএফআর-১০ এর অনুশাসন পরিপালন করা হয়নি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ** নথিপত্র যাচাই বাছাই করে পরবর্তীতে জবাব প্রেরণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ** জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, এমবি বহিতে কাজের পরিমাপ উল্লেখ না করেই সাইট অফিস স্থাপন দেখিয়ে ঠিকাদারকে করা পরিশোধ করা সমীচিন হয়নি।

**নিরীক্ষা সুপারিশঃ** দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে জবাব নিরীক্ষা অধিদপ্তরে প্রেরণ করা আবশ্যক।

এ.বি.এম গোলাম সাকলায়েন
অডিট এন্ড একাউন্টস অফিসার
শিক্ষা অডিট অধিদপ্তর
... কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

# পরিশিষ্টসমূহ

অনুচ্ছেদ নম্বরঃ ০১
পরিশিষ্ট নম্বর:০১

প্রতিষ্ঠানের নামঃ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা
প্রকল্পের নামঃ উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প
অর্থবছরঃ ২০২৪-২০২৫
বিষয়ঃ চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত না করা সত্ত্বেও বিলম্ব জরিমানা আদায় না করায় এবং কম আদায় করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী।

| ক্রমিক নম্বর | প্রকল্পের নাম | প্রতিষ্ঠান/কাজের নাম ও টেন্ডার আইডি নম্বর | ঠিকাদারের নাম, চুক্তিমূল্য (টাকা) | কার্যাদেশ নম্বর, তারিখ ও কাজের মেয়াদ | চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ | প্রকৃত সম্পাদিত তারিখ ও বিলম্বিত সময় | সমাপ্ত কাজের মূল্য (টাকা) | অসমাপ্ত কাজের মূল্য (টাকা) | জরিমানাকৃত টাকা পরিমাণ (অসম্পাদিত কাজের মূল্য × ০.০৫% থেকে ০.১০% × দিন সংখ্যা বা চুক্তিমূল্যের সর্বোচ্চ ১০% যেটি কম) | জরিমানা আদায়ের পরিমাণ (টাকা) | আদায়যোগ্য জরিমানার পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | (১০-১১) = ১২ |
| ১ | উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প | কুমিল্লা জেলার মনোহরগঞ্জ উপজেলার মনোহরগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের রিটেনিং কাম সীমানা প্রাচীর ও গেইট নির্মাণ কাজ। টেন্ডার আইডি- ৭২৭৪৮৬ | মেসার্স গ্রীনভিউ ইঞ্জিনিয়ার্স এন্ড বিল্ডার্স লিমিটেড, ১৯৬৯৪৫৮২ টাকা। | এক্সইএন/ইইডি/সিইউ/২০২৩, তারিখঃ ২১/০৩/২০২৩, ৫৪০ দিন | ১১/০৯/২৪ | ৩০/০৬/২৫ (চলমান) তারিখ পর্যন্ত বিলম্ব সময় ২২৯ দিন | ০ | ১৯৬৯৪৫৮২ | ১৯৬৯৪৫৮২ × ০.০৫%×২২৯ = ২২৫৫০২৯ (চুক্তিমূল্যের সর্বোচ্চ ১০% যেটি কম হলে জরিমানাকৃত টাকা পরিমাণ = ১৯৬৯৪৫৮ | ০ | ১৯৬৯৪৫৮ |
| | উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প | কুমিল্লা জেলার মনোহরগঞ্জ উপজেলার মনোহরগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের ৫ তলা একাডেমিক ভবন নির্মানসহ স্যানেটারি, বৈদ্যুতিকরণ, বৃষ্টির পানি সংরক্ষণ, সাইট ডেভেলপমেন্ট এবং গভীর নলকূপ স্থাপন কাজ টেন্ডার আইডি- ৭২৭৪৮৫ | এসএবিইএল এন্ড জিইবিএল - জিভি, ২১৬৭১৬৯৮০ টাকা | এক্সইএন/ইইডি/সিইউ/২০২৩, তারিখঃ ২১/০৩/২০২৩, ৭২০ দিন | ০৯/০৩/২৫ | ৩০/০৬/২৫ (চলমান) তারিখ পর্যন্ত বিলম্ব সময় ১২৪ দিন | ১০৬৪৫০০০০ | ১১০২৬৬৯৮০ | ১১০২৬৬৯৮০ × ০.০৫%× ১২৪ =৬৮৩৬৫৫২ (চুক্তিমূল্যের সর্বোচ্চ ১০% যেটি কম হলে জরিমানাকৃত টাকা পরিমাণ = ২১৬৭১৬৯৮ | ০ | ৬৮৩৬৫৫২ |
| | | | | | | | | | | মোট | ৮৮,০৬,০১০ |

কথায়: আটাশি লক্ষ ছয় হাজার দশ টাকা।



২১/৭/২৫
এ.বি.এম গোলাম সাকলায়েন
অডিট এন্ড একাউন্টস অফিসার
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

অনুচ্ছেদ নম্বরঃ ০২
পরিশিষ্ট নম্বরঃ ০২

প্রতিষ্ঠানের নাম: নির্বাহী প্রকৌশলীর কার্যালয় , শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা
প্রকল্পের নাম: উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প
অর্থবছর: ২০২৪-২০২৫
বিষয়: চুক্তি অনুযায়ী বীমা না করায় বীমা প্রিমিয়ামের উপর মূল্য সংযোজন কর (মূসক) অনাদায়ে সরকারের রাজস্ব ক্ষতির বিবরণী।

| ক্রমিক নম্বর | প্রকল্পের নাম | কাজের বিবরণ | ঠিকাদারের নাম | কার্যাদেশ নম্বর, তারিখ এবং ও আইডি নম্বর | চুক্তি মূল্য ( টাকা) | বীমা যোগ্য টাকা (১১০%) | বীমা প্রিমিয়ামের পরিমাণ (০.৫%) | প্রিমিয়ামের উপর ভ্যাটের পরিমাণ (১৫%) (টাকা) | কর্তনকৃত ভ্যাটের পরিমান | কর্তন না করা/ কম কর্তন করা (টাকা) | মোট পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ (৬×১১০%) | ৮ (৭×০.৫%) | ৯ | ১০ | ১১ | ১২ (৮+১১) |
| ১ | উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প | কুমিল্লা জেলার মনোহরগঞ্জ উপজেলার মনোহরগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের রিটেনিং কাম সীমানা প্রাচীর ও গেইট নির্মাণ কাজ। | মেসার্স গ্রীনভিউ ইঞ্জিনিয়ার্স এন্ড বিল্ডার্স লিমিটেড | এক্সইএন/ইইডি/সিইউ /২০২৩, তারিখঃ ২১/০৩/২০২৩ টেন্ডার আইডি- ৭২৭৪৮৬ | ১৯৬৯৪৫৮২ | ২১৬৬৪০৪০ | ১০৮৩২০ | ১৬২৪৮ | ০ | ১৬২৪৮ | ১২৪৫৬৮ |
| ২ | উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প | কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলার বেগম দিলরোজ ওবায়েদউল্লাহ্ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের রিটেনিং কাম সীমানা প্রাচীর ও গেইট নির্মাণ কাজ। | মেসার্স পারভেজ হানিফ এন্টারপ্রাইজ | এক্সইএন/ইইডি/সিইউ /২০২৪, তারিখঃ ১৯/০৫/২০২৪ টেন্ডার আইডি- ৮৬৮৩২৪ | ১২২০০৫৫১ | ১৩৪২০৬০৬ | ৬৭১০৩ | ১০০৬৫ | ০ | ১০০৬৫ | ৭৭১৬৮ |
| ৩ | উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প | কুমিল্লা জেলার মনোহরগঞ্জ উপজেলার মনোহরগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের ৫ তলা একাডেমিক ভবন নির্মানসহ স্যানেটারি, বৈদ্যুতিকরণ, বৃষ্টির পানি সংরক্ষণ, সাইট ডেভেলপমেন্ট এবং গভীর নলকূপ স্থাপন কাজ | এসএবিইএল এন্ড জিইবিএল - জিভি | এক্সইএন/ইইডি/সিইউ /২০২৩, তারিখঃ ২১/০৩/২০২৩ টেন্ডার আইডি- ৭২৭৪৮৫ | ২১২০৪৪৯০২ | ২৩৩২৪৯৩৯২ | ১১৬৬২৪৬ | ১৭৪৯৩৭ | ০ | ১৭৪৯৩৭ | ১৩৪১১৮৩ |

| ক্রমিক নম্বর | প্রকল্পের নাম | কাজের বিবরণ | ঠিকাদারের নাম | কার্যাদেশ নম্বর, তারিখ এবং ও আইডি নম্বর | চুক্তি মুল্য ( টাকা) | বীমা যোগ্য টাকা (১১০%) | বীমা প্রিমিয়ামের পরিমাণ (০.৫%) | প্রিমিয়ামের উপর ভ্যাটের পরিমাণ (১৫%) (টাকা) | কর্তনকৃত ভ্যাটের পরিমান | কর্তন না করা/ কম কর্তন করা (টাকা) | মোট পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ (৬×১১০%) | ৮ (৭×০.৫%) | ৯ | ১০ | ১১ | ১২ (৮+১১) |
| ৪ | উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প | কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলার বেগম দিলরোজ ওবায়েদউল্লাহ্ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের ৫ তলা একাডেমিক ভবন, ৪ তলা প্রশাসনিক ভবণ নির্মানসহ স্যানেটারি, বৈদ্যুতিকরণ, সাইট ডেভেলপমেন্ট এবং গভীর নলকূপ স্থাপন কাজ। | মেসার্স কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স- মেসার্স এম এ জাহের (জেভি) | এক্সইএন/ইইডি/সিইউ /২০২৩, তারিখঃ ২৯/০১/২০২৪ টেন্ডার আইডি- ৮৬৮২১৩ | ২২১৪২৩২৫০ | ২৪৩৫৬৫৫৭৫ | ১২১৭৮২৭ (৮৩০৩৩৭ টাকার বীমা প্রিমিয়াম করা হয়েছে) অবশিষ্ট টাকা= ৩৮৭৪৯০ | ১৮২৬৭৪ | ১২৪৫৫১ | ৫৮১২৩ | ৪৪৫৬১৩ |
| | | | | | | মোট | ১৭২৯১৫৯ | | | ২,৫৯,৩৭৩ | ১৯৮৭৯৯২ |

কথায়: দুই লক্ষ উনষাট হাজার তিনশত তিয়াত্তর টাকা

২২/৪/২১

এ.বি.এম গোলাম সাকলায়েন
অডিট এন্ড একাউন্টস অফিসার
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০

অনুচ্ছেদ নম্বরঃ ০৩
পরিশিষ্ট নম্বরঃ ০৩

প্রতিষ্ঠানের নামঃ নির্বাহী প্রকৌশলীর কার্যালয় , শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা
প্রকল্পের নামঃ উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প
অর্থবছরঃ ২০২৩-২০৪ হতে ২০২৪-২০২৫
বিষয়ঃ নির্ধারিত সময়ের মধ্যে ভেরিয়েশন অনুমোদন না করে দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পর প্রধান প্রকৌশলী কর্তৃক অনিয়মিতভাবে ব্যয় বিবরণী।

| ক্রমিক নম্বর | প্রকল্পের নাম, কাজের বিবরণ, টেন্ডার আইডি নম্বর | ঠিকাদারের নাম | চুক্তি মুল্য (টাকা) | নিঃ প্রঃ কর্তৃক প্রস্তাব প্রেরণের তারিখ | অনুমোদন কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তাব অনুমোদনের তারিখ | ভেরিয়েশনসহ মোট চুক্তি মুল্য (টাকা) | ভেরিয়েশনের হার | ভেরিয়েশন কাজের প্রকৃতি | অনুমোদনের সময়কাল | বিলম্বিত সময় | ভেরিয়েশনকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | | ১১ |
| ১ | উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প, কুমিল্লা জেলার মনোহরগঞ্জ উপজেলার মনোহরগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের ৫ তলা একাডেমিক ভবন নির্মানসহ স্যানেটারি, বৈদ্যুতিকরণ, বৃষ্টির পানি সংরক্ষণ, সাইট ডেভেলপমেন্ট এবং গভীর নলকূপ স্থাপন কাজ, টেন্ডার আইডি- ৭২৭৪৮৫ | এসএবিইএল এন্ড জিইবিএল -জিভি | ২১২০৪৪৯০২ | ২২/০৪/২০২৪ | ০৯/০৬/২০২৪ | ২১৬৭১৬৯৮০ | ২.২০% বেশি | combined of civil work & sanitary work | ৪৯ দিন | ১৯ দিন | ৪৬৭২০৭৮ |
| | | | | | | | | | | মোট | ৪৬,৭২,০৭৮ |
| | কথায়: ছেচল্লিশ লক্ষ বাহাত্তর হাজার আটাত্তর | | | | | | | | | | |

এ.বি.এম গোলাম সাকলায়েন
অডিট এন্ড একাউন্টস অফিসার
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

অনুচ্ছেদ নম্বর: ০৪

পরিশিষ্ট নম্বর: ০৪

প্রতিষ্ঠানের নামঃ শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরিশাল

প্রকল্পের নাম: উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প

নিরীক্ষার সনঃ ২০২৪-২০২৫

শিরোনামঃ Pre-cast Pile এর পরিমাণ অতিরিক্ত প্রদর্শন করে ঠিকাদারকে বিল পরিশোধ করার বিবরণী।

| ক্রমিক নম্বর | কাজের নাম | প্রতিষ্ঠানের নাম | ঠিকাদারের নাম | আইটেম এর বিবরণ | পরিশোধিত পরিমাণ | নকশা অনুযায়ী প্রাপ্য | অতিরিক্ত | একক দর | মোট পরিশোধিত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | Establishment of 329 Technical School & College at Upzila Level (2nd Phase) | বীর মুক্তিযোদ্ধা শহীদ খান টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, বাকেরগঞ্জ, | মেসার্স মাহফুজ খান লিঃ ও খান বিল্ডার্স | আইটেম নং-০৬ প্রি-কাস্ট পাইল | ২৪১ টি ×২৪ মিটার | ২৪০×২৪ মিটার | ১×২৪ মিটার | ২,০০০/০০১ | ৪৮,০০০ |
| | | | | | | | | মোট | ৪৮,০০০ |
| কথায়: আটচল্লিশ হাজার টাকা | | | | | | | | | |

এ.বি.এম গোলাম সাকলায়েন
অডিট এন্ড একাউন্টস অফিসার
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

অনুচ্ছেদ নম্বরঃ ০৫
পরিশিষ্ট নম্বরঃ ০৫

প্রতিষ্ঠানের নামঃ শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরিশাল

প্রকল্পের নামঃ উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প

নিরীক্ষার সনঃ ২০২৪-২০২৫

শিরোনামঃ এমবি বহিতে কাজের পরিমাপ উল্লেখ না করেই সাইট অফিস স্থাপন দেখিয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করার বিবরণী।

| ক্রমিক নম্বর | কাজের নাম | প্রতিষ্ঠানের নাম | ঠিকাদারের নাম | আইটেম এর বিবরণ | পরিশোধিত পরিমাণ | একক দর | মোট পরিশোধিত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | Establishment of 329 Technical School & College at Upzila Level (2nd Phase) | বীর মুক্তিযোদ্ধা শহীদ খান টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, বাকেরগঞ্জ, বরিশাল। | মেসার্স মাহফুজ খান লিঃ ও মেসার্স খান বিল্ডার্স | আইটেম নং-০৩ সাইট অফিস | ১ | ৫,০০,০০০ | ৫,০০,০০০ |
| | | | | | | | |
| | | | | | | মোট | ৫,০০,০০০ |
| কথায়: পাঁচ লক্ষ টাকা। | | | | | | | |

এ.বি.এম গোলাম সাকলায়েন
অডিট এন্ড একাউন্টস অফিসার
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০